



**জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)তে জাতীয় শূদ্রাচার কর্ম কৌশল পরিকল্পনার আলোকে উত্তম চর্চা (Best Practice) বিষয়ক তালিকা**


- ১। সকল প্রশিক্ষার্থীর অনলাইনে রেজিস্ট্রেশন সম্পন্ন করা : জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা) একটি এপেক্স প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসেবে কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর ও সংস্থার ৯ম গ্রেড ও তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের পেশাগত দক্ষতা উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন প্রশিক্ষণ প্রদান করে আসছে। ডিজিটাল বাংলাদেশ বাস্তবায়নের অংশ হিসেবে বিভিন্ন দপ্তর ও সংস্থা হতে মনোনয়ন প্রাপ্ত সকল প্রশিক্ষার্থীদের নিজ কর্মস্থল থেকে অনলাইনে নাটার নিজস্ব ওয়েবসাইটে অগ্রিম রেজিস্ট্রেশন সম্পন্ন করার বিষয়টি ইতোমধ্যে চালু করা হয়েছে এবং চলতি অর্থবছর হতে শতভাগ প্রশিক্ষার্থীদের নিজ কর্মস্থল থেকে অনলাইনে অগ্রিম রেজিস্ট্রেশন সম্পন্ন করার বিষয় বাধ্যতামূলক করা হয়েছে।
- ২। সামাজিক সুরক্ষায় স্বাস্থ্যবিধি অনুসরণ এবং নাটা ও প্রশিক্ষণ হলের প্রবেশমুখে সেনিটাইজার সুবিধা স্থাপন : চলমান কোভিড -১৯ পরিস্থিতিতে সরকার নির্দেশিত স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হচ্ছে। নাটার প্রধান গেটে প্রবেশকালে সকল কর্মকর্তা, কর্মচারী ও প্রশিক্ষার্থীদের থার্মাল স্ক্যানার দ্বারা তাপমাত্রা পরীক্ষা করা হচ্ছে, সেনিটাইজার স্প্রে করা হচ্ছে এবং সাবান ও হ্যান্ড ওয়াশ দিয়ে হাত ধোয়ার ব্যবস্থা রাখা হয়েছে। অধিকন্তু সকল প্রশিক্ষার্থীদের দিনে দুবার তাপমাত্রা পরীক্ষা করা হচ্ছে। আগামীতে প্রধান গেট, ডরমিটরি ও শ্রেণীকক্ষের প্রবেশ পথে অটো সেনিটাইজার টানেল স্থাপন করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। শ্রেণীকক্ষ, ডরমিটরি ও অফিস কক্ষে পর্যাপ্ত স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী সরবরাহ করা হচ্ছে।
- ৩। No Mask, No Entry নীতি বাস্তবায়ন : কোভিড -১৯ অভিঘাত মোকাবেলা ও স্বাস্থ্য সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে মাস্ক বিহীন চলাচল নিরুৎসাহিত করতে নাটায় No Mask, No Entry নীতি কঠোরভাবে অনুসরণ ও বাস্তবায়ন করা হচ্ছে। সকল প্রশিক্ষার্থীদের প্রতি দিন মাস্ক ও সেনিটাইজার স্প্রে সরবরাহ করা হচ্ছে।
- ৪। ডাইনিং ও ক্যাফেটেরিয়ায় যথাযথ স্বাস্থ্যবিধি অনুসরণ : চলমান কোভিড-১৯ পরিস্থিতিতে নাটার ডাইনিং ও ক্যাফেটেরিয়ায় যথাযথভাবে স্বাস্থ্যবিধি প্রতিপালনের লক্ষ্যে রন্ধন ও খাবার পরিবেশনায় নিযুক্ত সকল বয়, বাবুর্চি ও সাপোর্টিং স্টাফদেরকে ফেস মাস্ক ও হেড মাস্কের ব্যবহার নিশ্চিত করা হচ্ছে। ডাইনিং হলে নির্দিষ্ট সময় অন্তর অন্তর স্যানিটাইজার স্প্রে করা সহ ওয়াশরুম ও মেঝেতে ব্লিচিং পাউডার প্রয়োগ করা হচ্ছে। খাবার পরিবেশনের ক্ষেত্রে ডাইনিং হল ও ক্যাফেটেরিয়াতে কমপক্ষে ১ মিটারের সামাজিক দূরত্ব বজায় রাখার সর্বোচ্চ চেষ্টা অব্যাহত রয়েছে। টেলিভিশন কক্ষে প্রতিটি চেয়ার ১ মিটার দূরে দূরে বিন্যস্ত করা হয়েছে।
- ৫। সকল তথ্য ওয়েবসাইটে নিয়মিত আপলোড করা এবং সকলা সেবা বন্ধ হালনাগাদ করা : কৃষি মন্ত্রণালয়ের আওতাধীন বিভিন্ন দপ্তর ও সংস্থার ৯ম গ্রেড ও তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাদের পেশাগত দক্ষতা উন্নয়নের লক্ষ্যে বাস্তবায়িত বিভিন্ন প্রশিক্ষণ সংক্রান্ত তথ্যাদি ওয়েবসাইটে আপলোড দেয়া হচ্ছে এবং সকলা সেবা বন্ধ হালনাগাদ করা হবে।

  
০২/১০/২০২০

নাসমা সুলতানা  
বিসিএস (কৃষি)  
নিয়ন্ত্রণ সহকারী পরিচালক (কৃষি অর্থনীতি)  
জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি (নাটা)  
গাজীপুর-১৭৫

  
০২/১০/২০২০

ড. মোঃ জামাল উদ্দীন  
বিসিএস (কৃষি), আইডি - ১৮৬২  
উপপরিচালক (উদ্ভিদ রোগতত্ত্ব)  
জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি, গাজীপুর

  
০২/১০/২০২০

ড. মো. আখতারুজ্জামান  
পরিচালক (প্রশাসন)  
জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমি  
গাজীপুর-১৭৫১